দৈনিক আমাদের সময়

তারিখ 18 JUN 2017
পৃষ্ঠা ৩ কলাম ১

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৬৬৪ কোটি টাকার বাজেট পাস

নিজস্ব প্রতিবেদক ●

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০১৭-১৮ অর্থবছরের জন্য ৬৬৪ কোটি ৩৭ লাখ টাকার বাজেট অনুমোদন দিয়েছে বিশ্ববিদ্যালয় সিনেট। গতকাল বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে বাজেট উপস্থাপন করেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন। সভায় সভাপতিত্ব করেন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক।

অধিবেশনে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ, প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীনসহ সিনেট সদস্যরা উপস্থিত ছিলেন। এবারের এরপর পৃষ্ঠা ৯ কলাম ৪

## ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৬৬৪ কোটি টাকার

(৩ এর পৃষ্ঠার পর) বাজেটে আয়ের উৎস হিসেবে দেখানো হয়েছে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) অনুদান ও নিজস্ব আয়। প্রস্তাবিত বাজেটে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন থেকে প্রাপ্য ৬১০ কোটি ১০ লাখ টাকা এবং বিশ্ববিদ্যালয়ের নিজস্ব আয় থেকে ৪২ কোটি ৫৫ লাখ টাকা পাওয়া যাবে। ফলে এ বছর বাজেটে ১১ কোটি ৭২ লাখ টাকা ঘাটতি হবে বলে অনুমান করা হচ্ছে। এ ছাড়া ইউজিসির নিয়মিত বাজেটের বাইরে বিশেষ বরাদ্দ (গবেষণা মঞ্জুরি ও বিশেষ অনুদান) হিসেবে ধরা হয়েছে দুই কোটি টাকা।

অন্যান্য বছরের মতো এবারও বাজেটের বড় একটি অংশ ব্যয় হবে শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতা, পেনশনসহ বিভিন্ন খাতে। এ বছর ৪১৭ কোটি ৫৯ লাখ ২২ হাজার টাকা বেতন-ভাতার জন্য বরাদ্দ রাখা হয়েছে, যা মোট বাজেটের ৬২ দশমিক ৮৬ শতাংশ। এর মধ্যে শিক্ষকদের বেতনের জন্য ১৩৬ কোটি ৫১ লাখ ৯৪ হাজার টাকা, কর্মকর্তাদের জন্য ৪৬ কোটি ৮৩ লাখ ৯৬ হাজার টাকা এবং কর্মচারীদের জন্য ৬২ কোটি এক লাখ ৫৬ হাজার টাকা। এর বাইরে ভাতাদি (বাড়িভাড়া, চিকিৎসা, যাতায়াত, শ্রান্তি বিনোদন, বই ইত্যাদি) বাবদ মোট বরাদ্দ রাখা হয়েছে ১৭২ কোটি ১২ লাখ ৭৬ হাজার টাকা, যা মোট বাজেটের ২৫ দশমিক ৯১ শতাংশ। আর পেনশনের জন্য বরাদ্দ রাখা হয়েছে ১০৬ কোটি টাকা।

অন্যদিকে শিক্ষার্থীদের একাডেমিক কার্যক্রমের জন্য ব্যয় হবে ৭১ কোটি ৭৭ লাখ ৫ হাজার টাকা। ৪৭ কোটি ৩১ লাখ ২০ হাজার টাকা ব্যয় হবে সাধারণ ও বিবিধ কার্যক্রম পরিচালনায়। এ ছাড়া পুরনো যন্ত্রপাতি ও আসবাব মেরামতের জন্য বরাদ্দ রাখা হয়েছে ১০ কোটি ৫০ লাখ টাকা।